



খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

খুলনা-৯২০৩



বিজ্ঞপ্তি

এতদ্বারা অত্র বিশ্ববিদ্যালয়ের সকল শিক্ষক, কর্মকর্তা, কর্মচারী, শিক্ষার্থী এবং কুয়েট আবাসিক এলাকায় বসবাসরত সংশ্লিষ্টদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মন্ত্রিপরিষদ বিভাগের ১৩/০৭/২০২১ইং তারিখের ০৪.০০.০০০০.৫১৪.১৬.০০১.২১.২২৮ নং পত্রের নির্দেশনা মোতাবেক করোনা ভাইরাস (কোভিড-১৯) সংক্রমনের বিদ্যমান পরিস্থিতিতে ~~অন্য~~ ১৪ জুলাই ২০২১ইং তারিখ মধ্যরাত হতে ২৩ জুলাই ২০২১ইং তারিখ সকাল ৬-০০ ঘটিকা পর্যন্ত নিম্নরূপবিধি-নিষেধ মেনে চলার জন্য অনুরোধ করা হলো।

১. সরকার কর্তৃক জারীকৃত সকল স্বাস্থ্যবিধি ও নির্দেশনা অবশ্যই মেনে চলতে হবে।
২. অত্র বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ কর্তৃক জারীকৃত নির্দেশনা অনুযায়ী আসন্ন পবিত্র ঈদ-উল-আযহা উপলক্ষ্যে ক্যাম্পাসে পশু কোরবানি ও ব্যবস্থাপনা করা যাবে।
৩. নিজ বাসস্থানের বাইরে ও কুয়েট ক্যাম্পাসের যে কোন স্থানে সর্বাবস্থায় অবশ্যই মাস্ক পরিধান করা ও নূন্যতম ৩ ফুট পারস্পারিক শারীরিক দূরত্ব বজায় রাখা। বিশেষ ক্ষেত্রে হ্যান্ড গ্লোভস, ফেস শিল্ড, পিপিই ইত্যাদি পরিধান করা।
৪. খুলনা শহর ব্যতীত বিশ্ববিদ্যালয়ের যানবাহন চলাচল বন্ধ থাকবে।
৫. কুয়েট ক্যাম্পাসে আগমন/প্রস্থানের জন্য শুধুমাত্র মেইন গেট ব্যবহার করা যাবে।
৬. গৃহকর্মী ব্যতীত ক্যাম্পাসে বহিরাগতদের আসা-যাওয়া বন্ধ থাকবে। বিশেষ প্রয়োজনে কর্তৃপক্ষের অনুমতি নিতে হবে।
৭. মসজিদ কমিটি ও মনিটরিং কমিটি কেন্দ্রীয় মসজিদে গমনকারী সকল মুসল্লিদের ধর্ম মন্ত্রণালয় ও বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ কর্তৃক জারীকৃত সকল নির্দেশনা অনুসরণ নিশ্চিত করবেন।
৮. যদি কারো করোনা উপসর্গসমূহ (জ্বর/কাশি/গলাব্যথা/শ্বাসকষ্ট ইত্যাদি)-এর যে কোন একটি প্রকাশ পায় তাহলে অতি দ্রুত ডাক্তারের পরামর্শ নিতে হবে, নিজেকে আইসোলেশনে/কোয়ারেন্টাইনে রাখতে হবে ও বিশ্ববিদ্যালয়ের মেডিকেল সেন্টারের যে কোন ডাক্তার, মনিটরিং কমিটির যে কোন সদস্য এবং নিজ বিভাগ/দপ্তর/শাখা প্রধানকে অবশ্যই অবহিত করতে হবে।
৯. কুয়েট আবাসিক এলাকায় করোনা পজিটিভ রোগী সনাক্ত হলে রোগীর বাসস্থান লকডাউন করা হবে এবং উক্ত রোগীর সংস্পর্শে যারা এসেছেন তাদেরকে কোয়ারেন্টাইনে থাকতে হবে।
১০. করোনাভাইরাস প্রতিরোধে ভিটামিন 'সি', জিংক ও ম্যাগনেসিয়াম সমৃদ্ধ খাবার পর্যাপ্ত পরিমাণে খেতে হবে। প্রচুর পরিমাণে পানি পান করা। প্রক্রিয়াজাত পানীয়, চর্বিযুক্ত খাবার, ফাস্ট ফুড ইত্যাদি পরিহার করা। পর্যাপ্ত বিশ্রাম নেয়া, নিয়মিত ব্যায়াম করা ও সম্ভব হলে দৈনিক ৩০ মিনিট রোদে থাকা।
১১. এই আদেশ অমান্যকারীদের বিধি অনুযায়ী জবাবদিহিতার আওতায় আনা হবে।
১২. স্বাস্থ্যবিধি সংক্রান্ত যে কোন অভিযোগ/পরামর্শ নিরাপত্তা শাখায় অবহিত করতে হবে (জনাব সাদেক হোসেন প্রামানিক, নিরাপত্তা কর্মকর্তা, নিরাপত্তা শাখা। মোবাইল-০১৯৫১৪৮৪২৫৫/০১৫২১২৪৮৩৮৪, পিএবিএক্স-১২৭, ই-মেইল-hossainsadeque@kuet.ac.bd)

ভাইস-চ্যান্সেলর মহোদয়ের নির্দেশক্রমে এ বিজ্ঞপ্তি জারী করা হলো।

Arduyan

১৪/০৭/২০২১

(প্রকৌশলী মোঃ আনিছুর রহমান জুগা)

রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত)

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

স্মারক নং-খুপ্রবি/সওপ্র/৩০/১০০

তারিখঃ ১৪/০৭/২০২১ইং

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

- ১। সকল ডীন, ইনস্টিটিউট পরিচালক, বিভাগীয় প্রধান, পরিচালক, হল প্রভোস্ট, দপ্তর/শাখা প্রধান, অত্র বিশ্ববিদ্যালয়।
- ২। চেয়ারম্যান, যানবাহন কমিটি, অত্র বিশ্ববিদ্যালয় (প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।
- ৩। চেয়ারম্যান, কেন্দ্রীয় কম্পিউটার সেন্টার (বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে প্রচারের অনুরোধসহ)
- ৪। সভাপতি, মসজিদ কমিটি, অত্র বিশ্ববিদ্যালয় (প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।
- ৫। পিএস টু ভিসি, অত্র বিশ্ববিদ্যালয় (ভাইস-চ্যান্সেলর মহোদয়ের গোচরে আনার অনুরোধসহ)।
- ৬। নিরাপত্তা কর্মকর্তা, অত্র বিশ্ববিদ্যালয় (প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।
- ৭। সকল নোটিশ বোর্ড, অত্র বিশ্ববিদ্যালয়।
- ৮। সংরক্ষণ নথি।

Arduyan

(রাগীব হোসেন)

সেকশন অফিসার (গ্রেড-২)

১৪/০৭/২০২১